৪৬.০৫.০০০০.৪৪৩.০২.০১২.২৪-১-২০২৪১০২০_১২৪২২৪

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.০২.০১২.২৪ নথির বিষয়: Supply and fitting-fixing of Panel light at office room of Store Division, Dhaka WASA
নোট: ১ নোটের বিষয়: **Supply and fitting-fixing of Panel light at office room of Store Division, Dhaka WASA**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/১০/২৪ ৬:০৫ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুরাতন ও ব্যবহার অনুপযোগী মালামাল এম.আর.এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। প্রায় প্রতিদিনই ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প/ জোন/ বিভাগের মালামাল পরিদর্শনে ঊর্ধ্বতন কর্মকর্তা এবং পরামর্শক প্রতিষ্ঠানের দেশী/ বিদেশী কর্মকর্তাগণ অত্র বিভাগে এসে থাকেন। ভান্ডার বিভাগের অফিস বিল্ডিং একটি পুরাতন স্থাপনা, যার নিচ তলায় গোডাউন এবং ২য় তলায় অফিস রয়েছে। সম্প্রতি ২য় তলায় সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীগণের রুমের সিলিং এ তাপমাত্রা কমানোর জন্য ফলস সিলিং লাগানো হয়েছে। ফলে সিলিং এ এলইডি বাল্ব/ টিউব লাইট লাগানো যাচ্ছে না। এতে রুমগুলিতে আলোক স্বল্পতা দেখা দিচ্ছে। তৎপ্রেক্ষিতে জরুরিভাবে ২য় তলার অফিস রুমের সিলিং এ প্যানেল লাইট লাগানো প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/১০/২৪ ৬:০৭ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে "Supply and fitting-fixing of Panel light at office room of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-২) প্রস্তুত করা হ'ল। পিডব্লিউডি রেট সিডিউল- ২০১৮ ও ২০২২ এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ৳২৪,৬৪১.০০ (চব্বিশ হাজার ছয় শত একচল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (সংযুক্তি-১) এর ক্রমিক নং-২৬, প্যাকেজ-বি.২১.১০ (থোক বরাদ্দ) এ অন্তর্ভুক্ত আছে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের অফিস দালান রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০৪-০০৭) হতে বহন করা হবে (সংযুক্তি-১)। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহন করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (২):
১। বার্ষিক ক্রয় পরিকল্পনা.
২। প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/১০/২৪ ৬:০৮ অপরাহ্ন

এমতাবস্থায়, "Supply and fitting-fixing of Panel light at office room of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৳২৪,৬৪১.০০ (চব্বিশ হাজার ছয় শত একচল্লিশ) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

৯/১০/২৪ ৬:১৪ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	১০/১০/২৪ ১:০৩ পূর্বাহ্ন পদ্ম সরকার সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	১৩/১০/২৪ ৩:৩৮ অপরাহ্ন মোঃ আনোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	১৪/১০/২৪ ১২:৩৬ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল
			~~১৪/১০/২৪ ১২:৩৬ অপরাহ্ন~~ ~~মুস্তাফিজুর রহমান~~ ~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৪/১০/২৪ ৯:২৬ অপরাহ্ন

Okay

১৪/১০/২৪ ৯:২৬ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৫/১০/২৪ ২:২৬ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	~~১৫/১০/২৪ ২:২৬ অপরাহ্ন~~ ~~মোঃ আনোয়ার হোসেন খান~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~ভান্ডার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৫/১০/২৪ ৪:১০ অপরাহ্ণ

পরবর্তী ব্যবস্থা নিন।

১৫/১০/২৪ ৪:১১ অপরাহ্ণ মোঃ সরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২০/১০/২৪ ৯:৪৩ পূর্বাহ্ণ পল সরকার সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২০/১০/২৪ ৯:৪৩ পূর্বাহ্ণ মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ